

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সমন্বয় শাখা
www.plandiv.gov.bd

স্মারক নং-২০.০০.০০০০.৩৩২.০৬.০০২.২৫.১৩৮


তারিখ: ০৯ বৈশাখ ১৪৩৩
২২ এপ্রিল ২০২৬

বিষয়: পরিকল্পনা বিভাগের সমন্বয় সভার কার্যপত্র।

পরিকল্পনা বিভাগের সমন্বয় সভা ৩০ এপ্রিল ২০২৬ তারিখ বৃহস্পতিবার ১০:০০ ঘটিকায় সচিব মহোদয়ের সভাপতিত্বে এনইসি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে। সভার কার্যপত্র নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

২। সভার কার্যপত্র অনুযায়ী তাঁর শাখা/বিভাগ/সংস্থার হালনাগাদ তথ্যাদিসহ উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: কার্যপত্র ০৭ পৃষ্ঠা।


২২.০৪.২০২৬
(মিন্টু চৌধুরী)
উপসচিব

ফোন: ৪৮১১৩৩৫১

ই-মেইল: dsplandivco@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) প্রধান (সকল), পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ২) অতিরিক্ত সচিব (সকল), পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৩) মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান, আগারগাঁও, ঢাকা।
- ৪) যুগ্মসচিব (সকল), পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৫) যুগ্মপ্রধান, সমন্বয় অনুবিভাগ (সকল), পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৬) উপসচিব/উপপ্রধান (সকল), পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৭) নির্বাহী প্রকৌশলী, ই/এম বিভাগ-৭ গণপূর্ত বিভাগ, জাতীয় সংসদ ভবন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৮) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-২, শেরে-ই-বাংলা নগর, ঢাকা।
- ৯) সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান (সকল), পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
- ১০) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা (Website এ প্রকাশের অনুরোধসহ)।
- ১১) সিনিয়র প্রোগ্রামার/মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা।
- ১২) সহকারী সচিব/সহকারী প্রধান (সকল), পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
- ১৩) উপ-পুলিশ কমিশনার, সচিবালয় নিরাপত্তা বিভাগ, ডিএমপি, ঢাকা।
- ১৪) সহকারী পরিচালক, সামাজিক বিজ্ঞান গবেষণা পরিষদ, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
- ১৫) চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পরিকল্পনা বিভাগ, সচিবালয় ভবন, ফেজ-৩, সেগুনবাগিচা, ঢাকা।
- ১৬) মেডিকেল অফিসার, স্বাস্থ্য কেন্দ্র, পরিকল্পনা মন্ত্রণালয় ক্যাম্পাস, শেরেবাংলা নগর, ঢাকা।
- ১৭) উপ-বিভাগীয় প্রকৌশলী, গণপূর্ত উপ-বিভাগ-৩, পরিকল্পনা কমিশন চত্বর, শেরেবাংলা নগর, ঢাকা।
- ১৮) উপ-বিভাগীয় প্রকৌশলী, গণপূর্ত ই/এম উপ-বিভাগ-১৪, জাতীয় সংসদ ভবন, শেরেবাংলা নগর, ঢাকা।
- ১৯) প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা।
- ২০) বাজেট অফিসার/গবেষণা কর্মকর্তা (সকল), পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
- ২১) হিসাবরক্ষণ কর্মকর্তা/লাইব্রেরী অফিসার/ডকুমেন্টেশন অফিসার, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
- ২২) উপ-সহকারী প্রকৌশলী, গণপূর্ত ই/এম বিভাগ-১৪, পরিকল্পনা কমিশন চত্বর, শেরে বাংলা নগর, ঢাকা।
- ২৩) উপ-পুলিশ পরিদর্শক, পরিকল্পনা কমিশন চত্বর, শেরে বাংলা নগর, ঢাকা।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) সদস্যের একান্ত সচিব, ভোত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা [সদস্য (সিনিয়র সচিব) মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ২) সচিবের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা [সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ৩) সদস্যের একান্ত সচিব, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা [সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ৪) সদস্যের একান্ত সচিব, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা [সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ৫) সদস্যের একান্ত সচিব, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা [সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ৬) সদস্যের একান্ত সচিব, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা [সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ৭) সদস্যের একান্ত সচিব, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা [সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য]।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিকল্পনা মন্ত্রণালয়

পরিকল্পনা বিভাগ

সমন্বয় শাখা

বিষয়: ৩০ এপ্রিল ২০২৬ তারিখ অনুষ্ঠিত পরিকল্পনা বিভাগের মাসিক সমন্বয় সভার কার্যপত্র

গত সভার সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নকারী
১। গত সভার কার্যবিবরণী অনুমোদন:		
<p>সিদ্ধান্ত-১</p> <ul style="list-style-type: none"> ৩১ মার্চ ২০২৬ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা প্রয়োজন। 	<ul style="list-style-type: none"> ৩১ মার্চ ২০২৬ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার অনুমোদিত কার্যবিবরণী ০৭/০৪/২০২৬ তারিখে জারি করা হয়েছে। কোন সংযোজন/সংশোধন না থাকলে কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা যেতে পারে। 	<p>যুগ্মসচিব (সমন্বয় ও আইন)</p>
২। শাখা পরিদর্শন:		
<p>সিদ্ধান্ত-২</p> <ul style="list-style-type: none"> সচিবালয় নির্দেশমালা ২০২৪ অনুযায়ী নিয়মিত শাখা পরিদর্শন করতে হবে। শাখা পরিদর্শন প্রতিবেদন কর্মসম্পাদন ব্যবস্থাপনা অধিশাখাসহ সমন্বয় অধিশাখায়ও প্রেরণ করতে হবে। শাখা পরিদর্শন শেষে প্রদত্ত অবজারভেশন/পর্যবেক্ষণের বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শনকৃত শাখা কর্তৃক কর্মসম্পাদন ব্যবস্থাপনা অধিশাখাসহ সমন্বয় অধিশাখায়ও প্রেরণ করতে হবে। 	<ul style="list-style-type: none"> পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা কমিশনের সকল সেক্টর/ডিভিশন এবং বিআইডিএস কর্তৃক সচিবালয় নির্দেশমালা ২০২৪ অনুযায়ী শাখা পরিদর্শন করা হচ্ছে। পরিকল্পনা বিভাগে-৬জন কর্মকর্তা (কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা, প্রশাসন-১ শাখা, সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ, প্রশাসন-৩ শাখা, বাজেট শাখা, এবং সাধারণ অধিশাখা-১ নিজ শাখা/অধিশাখা পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করেছেন। পরিকল্পনা কমিশনের ৬জন কর্মকর্তা নিজ শাখা/অধিশাখা পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করেছেন। তন্মধ্যে- <ul style="list-style-type: none"> সাধারণ অর্থনীতি বিভাগের-১জন কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগের-৪জন কার্যক্রম বিভাগের-০১জন বিআইডিএস কর্তৃক ৪টি শাখা পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করেছেন। 	<p>প্রধান (সকল) অতিরিক্ত সচিব; মহাপরিচালক (BIDS); যুগ্মসচিব/ যুগ্মপ্রধান (সকল); উপসচিব /উপপ্রধান (সকল); সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান (সকল); সহকারী সচিব/ সহকারী প্রধান (সকল)</p>
৩। নথি বিনষ্টকরণ:		
<p>সিদ্ধান্ত-৩</p> <ul style="list-style-type: none"> বিনষ্টযোগ্য নথিসমূহ বিনষ্টকরণের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। 	<ul style="list-style-type: none"> প্রশাসন শাখা-২ কর্তৃক ০৭ (সাত)টি বিনষ্টযোগ্য নথি ২১.০১.২০২৬ তারিখ বিনষ্টকরণের কাজ সম্পন্ন করা হয়েছে। সাধারণ অধিশাখা-১ কর্তৃক ৯টি বিনষ্টযোগ্য নথি বিনষ্ট করা হয়েছে। 	<p>প্রধান (সকল) পরিকল্পনা কমিশন; অতিরিক্ত সচিব (প্রশাসন) ও যুগ্মসচিব</p>

গত সভার সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নকারী
	<ul style="list-style-type: none"> বিআইডিএস কর্তৃক বিনষ্টযোগ্য নথির একটি তালিকা প্রস্তুত করে নথি বিনষ্টকরণ কমিটির সুপারিশ অনুযায়ী ০৮ টি নথি ২২ জানুয়ারি ২০২৬ তারিখে বিনষ্ট করা হয়েছে। 	(সকল); মহাপরিচালক (BIDS); নথি বিনষ্টকরণ কমিটি উপসচিব, সাধারণ অধিশাখা-১; নথি বিনষ্টকরণ কমিটি

৪। ডি-নথির ব্যবহার:

সিদ্ধান্ত-৪	ডি-নথির ব্যবহার:	প্রধান (সকল) অতিরিক্ত সচিব (সকল); মহাপরিচালক (BIDS); সকল কর্মকর্তা, পরিকল্পনা কমিশন/ পরিকল্পনা বিভাগ এবং সিনিয়র প্রোগ্রামার/ প্রোগ্রামার, আইসিটি সেল																																										
<ul style="list-style-type: none"> পরিকল্পনা বিভাগ এবং পরিকল্পনা কমিশনের সকল সেক্টর/ডিভিশনে ডি-নথির ব্যবহার বৃদ্ধি করতে হবে। পরিকল্পনা কমিশন ও পরিকল্পনা বিভাগের ১০০% ডাক/নথি ডি-নথির মাধ্যমে উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করতে হবে। ডি-নথিতে নিষ্পন্ন সকল কার্যক্রম যাতে যথাযথভাবে ডি-নথিতে প্রতিফলিত হয় সে বিষয়ে আইসিটি সেল এসপায়ার টু ইনোভেট (এটুআই) এর সাথে যোগাযোগ করবে। 	মার্চ ২০২৬ মাসে (০১/০৩/২০২৬ হতে ৩১/০৩/২০২৬) ডি-নথির ব্যবহার: <table border="1"> <thead> <tr> <th>বিভাগ/কমিশন</th> <th>ডি-নথি</th> <th>মার্চ</th> <th>ফেব্রুয়ারি</th> </tr> </thead> <tbody> <tr> <td rowspan="4">পরিকল্পনা বিভাগ</td> <td>মোট নিষ্পন্ন নোট</td> <td>৬৪৩টি</td> <td>৫৭২টি</td> </tr> <tr> <td>হার্ডফাইলে নিষ্পন্ন নোট</td> <td>৪২৪টি</td> <td>৪৪২টি</td> </tr> <tr> <td>ডি-নথিতে নিষ্পন্ন নোট</td> <td>২১৯টি</td> <td>১৩০টি</td> </tr> <tr> <td>মোট নিষ্পন্ন নোটের বিপরীতে ডি-নথির হার</td> <td>৩৪.০৬%</td> <td>২২.৭৩%</td> </tr> <tr> <td rowspan="4">পরিকল্পনা কমিশন</td> <td>মোট নিষ্পন্ন নোট</td> <td>৪৫৯টি</td> <td>৭৯৯টি</td> </tr> <tr> <td>হার্ডফাইলে নিষ্পন্ন নোট</td> <td>৩৫৫টি</td> <td>৫৯৫টি</td> </tr> <tr> <td>ডি-নথিতে নিষ্পন্ন নোট</td> <td>১০৪টি</td> <td>২০৪টি</td> </tr> <tr> <td>মোট নিষ্পন্ন নোটের বিপরীতে ডি-নথির হার</td> <td>২৩%</td> <td>২৬%</td> </tr> <tr> <td rowspan="4">বিআইডিএস</td> <td>মোট নিষ্পন্ন নোট</td> <td>১৪৮</td> <td>১২৪টি</td> </tr> <tr> <td>হার্ডফাইলে নিষ্পন্ন নোট</td> <td>৪২</td> <td>৩৩টি</td> </tr> <tr> <td>ডি-নথিতে নিষ্পন্ন নোট</td> <td>১০৬</td> <td>৯১টি</td> </tr> <tr> <td>মোট নিষ্পন্ন নোটের বিপরীতে ডি-নথির হার</td> <td>৭২.৩০%</td> <td>৭৩.৩৯%</td> </tr> </tbody> </table>	বিভাগ/কমিশন	ডি-নথি	মার্চ	ফেব্রুয়ারি	পরিকল্পনা বিভাগ	মোট নিষ্পন্ন নোট	৬৪৩টি	৫৭২টি	হার্ডফাইলে নিষ্পন্ন নোট	৪২৪টি	৪৪২টি	ডি-নথিতে নিষ্পন্ন নোট	২১৯টি	১৩০টি	মোট নিষ্পন্ন নোটের বিপরীতে ডি-নথির হার	৩৪.০৬%	২২.৭৩%	পরিকল্পনা কমিশন	মোট নিষ্পন্ন নোট	৪৫৯টি	৭৯৯টি	হার্ডফাইলে নিষ্পন্ন নোট	৩৫৫টি	৫৯৫টি	ডি-নথিতে নিষ্পন্ন নোট	১০৪টি	২০৪টি	মোট নিষ্পন্ন নোটের বিপরীতে ডি-নথির হার	২৩%	২৬%	বিআইডিএস	মোট নিষ্পন্ন নোট	১৪৮	১২৪টি	হার্ডফাইলে নিষ্পন্ন নোট	৪২	৩৩টি	ডি-নথিতে নিষ্পন্ন নোট	১০৬	৯১টি	মোট নিষ্পন্ন নোটের বিপরীতে ডি-নথির হার	৭২.৩০%	৭৩.৩৯%
বিভাগ/কমিশন	ডি-নথি	মার্চ	ফেব্রুয়ারি																																									
পরিকল্পনা বিভাগ	মোট নিষ্পন্ন নোট	৬৪৩টি	৫৭২টি																																									
	হার্ডফাইলে নিষ্পন্ন নোট	৪২৪টি	৪৪২টি																																									
	ডি-নথিতে নিষ্পন্ন নোট	২১৯টি	১৩০টি																																									
	মোট নিষ্পন্ন নোটের বিপরীতে ডি-নথির হার	৩৪.০৬%	২২.৭৩%																																									
পরিকল্পনা কমিশন	মোট নিষ্পন্ন নোট	৪৫৯টি	৭৯৯টি																																									
	হার্ডফাইলে নিষ্পন্ন নোট	৩৫৫টি	৫৯৫টি																																									
	ডি-নথিতে নিষ্পন্ন নোট	১০৪টি	২০৪টি																																									
	মোট নিষ্পন্ন নোটের বিপরীতে ডি-নথির হার	২৩%	২৬%																																									
বিআইডিএস	মোট নিষ্পন্ন নোট	১৪৮	১২৪টি																																									
	হার্ডফাইলে নিষ্পন্ন নোট	৪২	৩৩টি																																									
	ডি-নথিতে নিষ্পন্ন নোট	১০৬	৯১টি																																									
	মোট নিষ্পন্ন নোটের বিপরীতে ডি-নথির হার	৭২.৩০%	৭৩.৩৯%																																									

০৫। মামলার ফলোআপ:

সিদ্ধান্ত-৫	পরিকল্পনা বিভাগ সংশ্লিষ্ট চলমান ২টি মামলা (৯০৫৩/২০১৯ ও ৬১৫৭/২০২১) এবং বিআইডিএস সংশ্লিষ্ট ০১টি মামলা (১২৪৯/২০২৪) সহ মোট ০৩টি মামলা দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে আইন বিচার বিভাগের সলিসিটর অনুবিভাগের সাথে নিয়মিত যোগাযোগ করা হয়। সর্বশেষ গত ১১/০৩/২০২৬ তারিখ সলিসিটর অনুবিভাগ এর সাথে যোগাযোগ করে জানা যায় যে, মামলা ০৩টি শুনানীর অপেক্ষায় আছে। হাইকোর্টের দৈনিক কার্য তালিকায় মামলা ০৩টির ক্রমিক নম্বর: যথাক্রমে ২৯৩, ৮৮ ও ৯৩৮।	অতিরিক্ত সচিব; মহাপরিচালক (BIDS); যুগ্মসচিব (সমন্বয় ও আইন)
<ul style="list-style-type: none"> মামলাসমূহ নিষ্পত্তির লক্ষ্যে আইন শাখার সংশ্লিষ্ট কর্মকর্তা এটর্নি জেনারেল এর কার্যালয়ের সাথে সার্বক্ষণিক যোগাযোগ অব্যাহত রাখবেন। গুরুত্বপূর্ণ মামলাসমূহ চিহ্নিত করে তা নিষ্পত্তির বিষয়ে বিজ্ঞ এটর্নি জেনারেলের সাথে টেলিফোনে আলাপ করে ব্যবস্থা গ্রহণ করতে হবে। এছাড়া সলিসিটর অনুবিভাগের সাথে সংশ্লিষ্ট আইন কর্মকর্তা স্ব-শরীরে যোগাযোগ করে মামলাসমূহ নিষ্পত্তির পদক্ষেপ গ্রহণ করবেন। 	<ul style="list-style-type: none"> পরিকল্পনা বিভাগকে বিবাদীকৃত মোট ২১টি মামলায় পরিকল্পনা বিভাগের কোন সম্পৃক্ততা না থাকার তথ্যসমূহ বিভিন্ন সময়ে আইন ও বিচার বিভাগের 	

গত সভার সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নকারী
	<p>সলিসিটর অনুবিভাগে প্রেরণ করা হয়। উক্ত পত্রের পরিপ্রেক্ষিতে সলিসিটর অনুবিভাগ উল্লিখিত মামলাসমূহ থেকে পরিকল্পনা বিভাগকে অব্যাহতি প্রদানের জন্য এটর্নি জেনারেল-এর কার্যালয়ে প্রেরণ করেন। সর্বশেষ গত ১২/০৪/২০২৬ তারিখ এটর্নি জেনারেল-এর কার্যালয়ের রিট শাখায় যোগাযোগ করা হয়েছে। উক্ত রিট শাখা অবহিত করেন যে, মামলার নথিসমূহ ইতোমধ্যে সংশ্লিষ্ট Deputy Attorney General (DAG) বরাবর প্রেরণ করা হয়েছে। মামলাসমূহ শুনানীর অপেক্ষায় আছে।</p> <ul style="list-style-type: none"> ● মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত কনটেম্পট মামলা নং-৪৫৮/২০২৫ (যা রিট পিটিশন নং/১২৫৭৬/২০১২ হতে উদ্ভূত) এর পরিপ্রেক্ষিতে 'সাপোর্ট ফর মনিটরিং সাস্টেইনেবল হিউম্যান ডেভেলপমেন্ট ইন বাংলাদেশ' শীর্ষক সমাপ্ত প্রকল্পের ০২ জন সিনিয়র সহকারী প্রধান এর চাকরি রাজস্ব খাতে স্থানান্তরের জন্য ২৩/১১/২০১৬ তারিখের রায় বাস্তবায়ন না করায় গত ২৮/১০/২০২৫ তারিখ মহামান্য হাইকোর্ট বিভাগ থেকে একটি রুল নিশি জারি করা হয়। এ বিষয়ে মামলাটি চূড়ান্ত নিষ্পত্তির পর হতে অদ্যাবধি গৃহীত কার্যক্রম আদালতকে অবহিত করার জন্য আইন শাখা থেকে গত ১৩/০১/২০২৬ তারিখ সলিসিটর অনুবিভাগ, আইন ও বিচার বিভাগ পত্র প্রেরণ করা হয়। উল্লিখিত রায়টি বাস্তবায়নের যাবতীয় কার্যক্রম পরিকল্পনা বিভাগের প্রশাসন-১ অধিশাখা থেকে সম্পন্ন করা হয়ে থাকে। 	

৬। পরিকল্পনা বিভাগের উন্নয়ন খাতের অডিট আপত্তি:

সিদ্ধান্ত-৬		
<ul style="list-style-type: none"> ● অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে আইটি ও জনসেবা অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। ● বর্তমানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ এজি অফিসের সাথে নিবিড় যোগাযোগ করে প্রয়োজনীয় কাগজপত্র দাখিলপূর্বক দ্রুত অডিট আপত্তিসমূহ নিষ্পত্তি করবেন। 	<ul style="list-style-type: none"> ● পরিকল্পনা বিভাগের রাজস্বখাতে অডিট আপত্তির সংখ্যা ০৮টি। ২০২৩-২০২৪ অর্থবছরের ৪টি অডিট আপত্তির ব্রডশীট জবাব ০২/০৩/২০২৬ তারিখ এবং ২০২৪-২০২৫ অর্থবছরের ৪টি অডিট আপত্তির ব্রডশীট জবাব গত ০৭/০৩/২০২৬ তারিখ নিষ্পত্তির লক্ষ্যে আইটি ও জনসেবা অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। ● পরিকল্পনা বিভাগের উন্নয়ন খাতে মোট অডিট আপত্তি ১৫টি। ১২টি ব্রডশীটের জবাব প্রেরণ করা হয়েছে। ইতোমধ্যে ১টি নিষ্পত্তি হয়েছে। পরিকল্পনা বিভাগের অনিষ্পন্ন অডিট নিষ্পত্তির লক্ষ্যে আইটি ও জনসেবা 	<p>অতিরিক্ত সচিব (প্রশাসন/পরিকল্পনা); মহাপরিচালক (BIDS); সংশ্লিষ্ট সকল প্রকল্প পরিচালক; উপসচিব (পরিকল্পনা); অডিট আপত্তি নিষ্পত্তি কমিটি</p>

গত সভার সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নক
	<p>অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ অব্যাহত আছে।</p> <ul style="list-style-type: none"> বিআইডিএস এ মার্চ ২০২৬ মাসে মোট অডিট আপত্তি ২২টি। ইতোমধ্যে ১টি অডিট আপত্তি নিষ্পত্তি হয়েছে। উল্লিখিত ২১টি অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে আইটি ও জনসেবা অডিট অধিদপ্তরের সাথে ব্যক্তিগতভাবে নিয়মিত যোগাযোগ করা হচ্ছে। 	
০৭। শূন্য পদ পূরণ:		
<p>সিদ্ধান্ত-৭</p> <ul style="list-style-type: none"> পরিকল্পনা বিভাগের ৬৫ (পঁয়ষট্টি)টি শূন্য পদে নিয়োগ প্রক্রিয়া ১০০% স্বচ্ছতার সাথে সম্পন্ন করতে হবে। দ্রুততম সময়ে ৬৫টি শূন্য পদে জনবল নিয়োগ পরীক্ষা সম্পন্ন করতে হবে। অতিরিক্ত সচিব, পরিকল্পনা বিভাগ নিয়োগ পরীক্ষা সংক্রান্ত কার্যক্রম মনিটরিং করবেন। 	<ul style="list-style-type: none"> পরিকল্পনা বিভাগের ৪টি ক্যাটাগরির ৬৫টি শূন্য পদ পূরণের লক্ষ্যে স্বচ্ছতার সাথে গত ০৩/০৪/২০২৬ তারিখ ও ১০/০৪/২০২৬ তারিখ বহুনির্বাচনী (MCQ) পরীক্ষা গ্রহণ এবং ফলাফল প্রকাশ করা হয়েছে। দ্রুততম সময়ে ৬৫টি শূন্য পদে জনবল নিয়োগ পরীক্ষা সম্পন্ন করার কার্যক্রম চলমান। 	অতিরিক্ত সচিব (প্রশাসন)
৮। প্রশিক্ষণ:		
<p>সিদ্ধান্ত-৮</p> <ul style="list-style-type: none"> পরিকল্পনা বিভাগ/ কমিশনের সকল কর্মচারীকে পর্যায়ক্রমে ইন-হাউজ/ সঞ্জীবনী প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করতে হবে। প্রশিক্ষণ গ্রহণকারী কর্মকর্তার তালিকা এবং প্রশিক্ষণ সংক্রান্ত যাবতীয় তথ্য প্রশিক্ষণ সংক্রান্ত একটি সফটওয়্যারে নিয়মিত হালনাগাদ করতে হবে। 	<ul style="list-style-type: none"> পরিকল্পনা বিভাগ/কমিশনের কর্মচারীদের ২০২৫-২০২৬ অর্থবছরের দক্ষতা নবায়ন (ইন-হাউজ/সঞ্জীবনী) প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রশিক্ষণ গ্রহণকারী কর্মকর্তার তালিকা এবং প্রশিক্ষণ সংক্রান্ত যাবতীয় তথ্যাদি আইসিটি সেল এর মাধ্যমে নিয়মিত হালনাগাদ করা হচ্ছে। 	অতিরিক্ত সচিব (গবেষণা ও প্রশিক্ষণ)
৯। পরিকল্পনা কমিশন চত্বরের নিরাপত্তা জোরদারকরণ:		
<p>সিদ্ধান্ত-৯</p> <ul style="list-style-type: none"> পরিকল্পনা কমিশন চত্বরে দর্শনার্থী প্রবেশের সময় নজরদারি বৃদ্ধি এবং গেইট পাশ ইস্যু করতে হবে। আইডি কার্ড দর্শনীয় স্থানে রাখতে হবে। ব্যাগেজ স্ক্যানিং মেশিন, আর্চওয়ে মেটাল ডিটেকটর এবং হ্যান্ডহেল্ড মেটাল ডিটেকটর যন্ত্রপাতি সংগ্রহ ও স্থাপন কাজ বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। 	<ul style="list-style-type: none"> দর্শনার্থী প্রবেশের সময় নজরদারি বৃদ্ধি এবং গেইট পাশ ইস্যু এবং আইডি কার্ড দর্শনীয় করার জন্য পরিকল্পনা কমিশন চত্বরের ইনচার্জ, পুলিশ কে পত্র প্রেরণ করা হয়েছে। ঢাকার শেরেবাংলা নগরস্থ পরিকল্পনা মন্ত্রণালয়ে সিকিউরিটি সিস্টেমের জন্য ০১ টি ব্যাগেজ স্ক্যানার সরবরাহ ও স্থাপন করনসহ আনুষঙ্গিক বৈদ্যুতিক কাজের প্রাক্কলন প্রস্তুত পূর্বক প্রশাসনিক অনুমোদন ও অর্থ বরাদ্দের জন্য অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), 	অতিরিক্ত সচিব (প্রশাসন); নির্বাহী প্রকৌশলী (গণপূর্ত বিভাগ-২); উপ-পুলিশ কমিশনার, সচিবালয় নিরাপত্তা বিভাগ, ডিএমপি; উপ-পুলিশ পরিদর্শক, পরিকল্পনা কমিশন চত্বর

গত সভার সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নকারী
	পরিকল্পনা মন্ত্রণালয় শেরে বাংলা নগর, ঢাকা বরাবর প্রেরণ করা হয়েছে। প্রাক্কলিত মূল্য ১০৮,০৬,৬৭৪/- টাকা মাত্র। অর্থ প্রাপ্তি সাপেক্ষে কাজ শুরু করা হবে।	

১০। মেডিকেল সেন্টারের সেবার মান বৃদ্ধি:

সিদ্ধান্ত-১০		
<ul style="list-style-type: none"> পরিকল্পনা কমিশন চতরে অবস্থিত মেডিকেল সেন্টারটি বড় পরিসরে (সচিবালয়ের আদলে) কার্যকর করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। CBC, HbA1c এবং S. Creatinine টেস্ট এর রিএজেন্ট এর জন্য ব্যবহৃত কীটসমূহ সরবরাহ করার জন্য মেডিকেল অফিসার কর্তৃক সিভিল সার্জন ঢাকা বরাবর যোগাযোগ অব্যাহত রাখতে হবে। 	<ul style="list-style-type: none"> সাধারণ অধিশাখা-১ কর্তৃক ১৬/০৭/২০২৫ তারিখে সিভিল সার্জন ঢাকা বরাবর পত্র প্রেরণ করা হয়। ECG, RBS টেস্ট চালু আছে। CBC টেস্টের রিএজেন্টের মেয়াদ উত্তীর্ণ হওয়ায় সাময়িকভাবে বন্ধ আছে। CBC, HbA1c এবং S. Creatinine টেস্ট সিভিল সার্জন অফিস থেকে রিএজেন্ট ও প্রয়োজনীয় সরঞ্জামাদি পাওয়া গেলে কার্যক্রম শুরু করা সম্ভব। ১৬/০৮/২০২৬ তারিখ সিভিল সার্জন ঢাকা বরাবর প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে মেডিকেল অফিসার সভাকে অবহিত করবেন। 	<p>অতিরিক্ত সচিব (প্রশাসন) পরিকল্পনা বিভাগ; মেডিকেল অফিসার, পরিকল্পনা কমিশন চত্বর; মেডিকেল কমিটি, পরিকল্পনা বিভাগ</p>

১১. IPIM (Institute of Public Investment Management):

সিদ্ধান্ত-১১		
<ul style="list-style-type: none"> Institute of Public Investment Management (IPIM) স্থাপনের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। প্রতি সমন্বয় সভায় IPIM এর কাজের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করতে হবে। গণপূর্ত উপবিভাগ-৩ কর্তৃক IPIM এর সিভিল অংশের অবশিষ্ট কাজগুলো দ্রুত সম্পন্ন করতে হবে। 	<ul style="list-style-type: none"> Institute of Public Investment Management (IPIM) সম্পর্কিত বিশেষ অবহিতকরণ সেমিনার গত ২০/০৩/২০২৬ তারিখ মাননীয় প্রতিমন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয় এ উপস্থিতিতে অনুষ্ঠিত হয়েছে। গণপূর্ত উপ বিভাগ-৩ কর্তৃক IPIM এর অসমাপ্ত কাজগুলো ইতোমধ্যে সম্পন্ন করা হয়েছে। 	<p>IPIM বিষয়ক গঠিত কমিটি; উপ-বিভাগীয় প্রকৌশলী, গণপূর্ত সিভিল, উপ বিভাগ-১৪</p>

১২. বিবিধ:

সিদ্ধান্ত-১২		
<ul style="list-style-type: none"> সরকার নির্ধারিত প্রক্রিয়া অনুসরণ করে প্রাপ্ত অভিযোগ যথাসময়ে নিষ্পত্তি করে প্রতিবেদন প্রতিমাসের ১০ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণসহ পরিকল্পনা বিভাগ ও বিআইডিএস-এর ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। 	<ul style="list-style-type: none"> সরকার নির্ধারিত প্রক্রিয়া অনুসরণ করে প্রাপ্ত অভিযোগ যথাসময়ে নিষ্পত্তি করে প্রতিবেদন প্রতিমাসের ১০ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণসহ পরিকল্পনা বিভাগ ও বিআইডিএস-এর ওয়েবসাইটে প্রকাশ করা হচ্ছে। 	<p>মহাপরিচালক (BIDS) ও যুগ্মসচিব (কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা)</p>

গত সভার সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নক
<ul style="list-style-type: none"> পরিকল্পনা কমিশন ও পরিকল্পনা বিভাগের সকল শাখা/অধিশাখা এবং বিআইডিএস এর সেবা প্রদান প্রতিশ্রুতি নিয়মিতভাবে হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড করতে হবে। 	<ul style="list-style-type: none"> পরিকল্পনা কমিশন ও পরিকল্পনা বিভাগের সকল শাখা/অধিশাখা এবং বিআইডিএস এর সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) ত্রৈমাসিকভিত্তিতে (জানুয়ারি-মার্চ/২০২৬) হালনাগাদ করে ০১/০৪/২০২৬ তারিখে পরিকল্পনা বিভাগের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। 	<p>মহাপরিচালক (BIDS) ও যুগ্মসচিব (কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা)</p>
<ul style="list-style-type: none"> পরিকল্পনা কমিশন চত্বরে পড়ে থাকা অব্যবহৃত অকেজো গাড়িগুলো দ্রুত অপসারণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। 	<ul style="list-style-type: none"> এ বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তা সভায় অবহিত করতে পারেন। 	<p>অতিরিক্ত সচিব (প্রশাসন) পরিকল্পনা বিভাগ</p>
<ul style="list-style-type: none"> পরিকল্পনা বিভাগ ও পরিকল্পনা কমিশনের সকল কর্মকর্তা/কর্মচারীকে সকাল ৯:০০টা থেকে ৯:৪০ মিনিট পর্যন্ত নিজ অফিস কক্ষে আবশ্যিকভাবে উপস্থিত থাকতে হবে। অফিস চলাকালীন সময়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত অফিস ত্যাগ করা যাবেনা। 	<ul style="list-style-type: none"> পরিকল্পনা বিভাগ ও পরিকল্পনা কমিশনে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীকে এ বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে এবং বিষয়টি নিয়মিত মনিটর করা হচ্ছে। ৯:৩০ মিনিটের মধ্যে সকল অনুবিভাগের হাজিরা খাতা স্বাক্ষরপূর্বক উর্ধ্বতন কর্তৃপক্ষের দপ্তরে প্রেরণ করা হয়। 	<p>অতিরিক্ত সচিব (প্রশাসন) পরিকল্পনা বিভাগ</p>
<ul style="list-style-type: none"> পরিকল্পনা বিভাগ ও পরিকল্পনা কমিশনের সকল শাখা/অধিশাখার হাজিরা খাতা ৯:৩০ মিনিটের মধ্যে সচিব, পরিকল্পনা বিভাগের দপ্তরে প্রেরণ করতে হবে। বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ের লক্ষ্যে অফিস কক্ষ ত্যাগ করার সময় অফিস কক্ষের লাইট, ফ্যান ও এসি বন্ধ রাখতে হবে। সিডি এবং কমন স্পেসের অপ্রয়োজনীয় বাতি বন্ধ রাখতে হবে। তাছাড়া অন্যান্য বৈদ্যুতিক সরঞ্জাম প্রয়োজন ব্যতীত বন্ধ রাখতে হবে। 	<ul style="list-style-type: none"> নির্দেশনা অনুযায়ী সকল শাখা/অধিশাখার হাজিরা খাতা প্রেরণ করা হচ্ছে। নির্দেশনা অনুযায়ী বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ের লক্ষ্যে লাইট, ফ্যান ও এসি যথাসময়ে বন্ধ করা হচ্ছে। সিডি এবং কমন স্পেসের অপ্রয়োজনীয় বাতি এবং অন্যান্য বৈদ্যুতিক সরঞ্জাম প্রয়োজন ব্যতীত বন্ধ রাখা হচ্ছে। 	<p>অতিরিক্ত সচিব (প্রশাসন) পরিকল্পনা বিভাগ</p>
<ul style="list-style-type: none"> পরিকল্পনা কমিশনের সেক্টর ভিত্তিক মাসিক প্রতিবেদন (মন্ত্রিপরিষদ বিভাগের জন্য) প্রতি মাসের চার (০৪) তারিখের মধ্যে নির্ধারিত ছক অনুযায়ী পরিকল্পনা বিভাগে প্রেরণ করতে হবে। সমন্বয় সভার কার্যবিবরণী জারির সাত দিনের মধ্যে সিদ্ধান্তওয়ারী বাস্তবায়ন অগ্রগতি নির্ধারিত ছক অনুযায়ী পরিকল্পনা বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। 	<ul style="list-style-type: none"> পরিকল্পনা কমিশনের সকল সেক্টর ডিভিশন এবং পরিকল্পনা বিভাগের অনুবিভাগসমূহ থেকে নির্ধারিত সময়ের মধ্যে তথ্য না পাওয়ায় মন্ত্রিপরিষদ বিভাগে প্রতিবেদন প্রদান বিলম্ব হচ্ছে। সমন্বয় সভার নোটিশ জারির পরও কিছু দপ্তর থেকে পূর্ববর্তী সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন (বারবার মৌখিক তাগিদ দেওয়ার পরও) পাওয়া যায় না। তাতে পরবর্তী সমন্বয় সভার কার্যপত্র প্রণয়নে যথেষ্ট অসুবিধার সম্মুখীন হতে হচ্ছে। 	<p>অতিরিক্ত সচিব (সকল), মহাপরিচালক (BIDS), প্রধান (সকল) সেক্টর/ডিভিশন, যুগ্মসচিব (সকল), পরিকল্পনা বিভাগ ও পরিকল্পনা কমিশন</p>

গত সভার সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নকারী
● সময়ে সময়ে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ হতে চাহিত প্রতিবেদন/ইনপুট এর ওপর মতামত সেক্টর/ডিভিশন হতে নির্ধারিত তারিখের মধ্যে সমন্বয় অধিশাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে।	● সময়ে সময়ে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ হতে চাহিত মতামত/প্রতিবেদন/ইনপুট এর ওপর মতামত সেক্টর/ডিভিশন হতে যথাসময়ে না পাওয়ায় সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে মতামত প্রদান করতে বিলম্ব হচ্ছে।	

Hima

